

সৈয়দপুরে ঘন কুয়াশায় প্লেন ওঠানামায় বিঘ্ন

- A Monitor Desk Report

Date: 27 November, 2024



নীলফামারী: নীলফামারীর সৈয়দপুরে ঘন কুয়াশার কারণে সোমবার (২৫ নভেম্বর) উড়োজাহাজ ওঠানামা করতে পারেনি। বৈরী আবহাওয়ার কারণে সৈয়দপুরে দুটি ফ্লাইট নামতে পারেনি।

এতে দুটি উড়োজাহাজ সহ অন্যান্য যাত্রীরা বিমানবন্দরে অপেক্ষারত ছিলেন।

সোমবার (২৫ নভেম্বর) সকালে কুয়াশা বেড়ে গেলে এ অবস্থার সৃষ্টি হয়।

সৈয়দপুর আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা লোকমান হাকিম জানান, সোমবার সকাল ৬টায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং ভিজিবিলাটি ছিল ৩০০ মিটার। উড়োজাহাজ চলাচলের জন্য কমপক্ষে ২০০০ হাজার মিটার ভিজিবিলাটি (দৃষ্টিসীমা) থাকার কথা।

সৈয়দপুর বিমানবন্দরের ব্যবস্থাপক এ কে এম বাহাউদ্দিন জাকারিয়া জানান, সকালে হঠাৎ সৈয়দপুরের আকাশে ঘন কুয়াশা দেখা যায়। ফলে ভিজিবিলাটি (দৃষ্টিসীমা) অনেক কমে যায়। এর ফলে এয়ার অ্যান্ড্রী ও নভোএয়ারের দুটি ফ্লাইট অবতরণ করতে পারেনি। শীতকালে মূলত এরকম শিডিউল বিপর্যয় হয়ে থাকে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কুয়াশা কেটে গেলে ফ্লাইট নামতে পারে বলে জানান তিনি।

-B